গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

কস ২৮৩৬০০৫

## সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ) এবং কর্মসংস্থান ব্যাংক-এর মধ্যে সম্পাদিত সমঝোতা স্মারক (Memorandum of Understanding)

**কর্মসংস্থান ব্যাংক:**

দেশের বেকার বিশেষ করে বেকার যুবদের কর্মসংস্থানের উদ্দেশে ১৯৯৮ খ্রিষ্টাব্দে ০৭ নং আইন বলে কর্মসংস্থান ব্যাংক প্রতিষ্ঠিত হয়। কর্মসংস্থান ব্যাংক রাষ্ট্রীয় মালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান। ব্যাংকের প্রধান কার্যালয়, ১ রাজউক এভিনিউ, ঢাকা-১০০০ এ অবস্থিত। সমগ্র দেশে রয়েছে ব্যাংকের ০৪টি বিভাগীয় কার্যালয়, ০৪টি বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, **৩৩** টি আঞ্চলিক কার্যালয় ও **২৪৬** টি শাখার নেটওয়ার্ক। তন্মধ্যে ঢাকা মহানগরীতে **০৬** টি, জেলা সদরে **৬৪** টি এবং উপজেলা সদরে **১৭৬** টি।

**সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ):**

সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ) গ্রামীণ দরিদ্র জনগোষ্ঠীর জন্য অধিকতর সামাজিক ও অবকাঠামোগত সুবিধা সৃষ্টি, স্থানীয় পর্যায়ে প্রাতিষ্ঠানিক ক্ষমতা বৃদ্ধি এবং দারিদ্র্য বিমোচনে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের অধীন একটি অলাভজনক ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান হিসেবে ২০০১ সালে প্রতিষ্ঠিত হয়। সুবিধাবঞ্চিত দরিদ্র ও অতিদরিদ্র জনগোষ্ঠীর ক্ষমতায়ন, সক্ষমতা বৃদ্ধি এবং তাঁদের জীবন মানের উন্নয়ন সাধন করা এসডিএফ-এর মূল লক্ষ্য। গ্রাম পর্যায়ে গ্রামীণ সংগঠন গঠনের মাধ্যমে দরিদ্র জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে সরকারকে সহযোগিতা করাই এই প্রতিষ্ঠানের মূল উদ্দেশ্য। দারিদ্র্যমুক্ত বাংলাদেশ গড়ার নিমিত্ত "সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা (এমডিজি)" অর্জনে সরকারের সহায়ক হিসেবে এসডিএফ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। বর্তমানে বাংলাদেশ সরকারের "টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি)" অর্জনে সরকারের সহায়ক হিসেবে এসডিএফ কাজ করছে।

**সমঝোতা স্মারকের উদ্দেশ্যাবলী :**

১) এসডিএফ কর্ম এলাকার প্রশিক্ষণপ্রাপ্ত বেকার যুবদের আত্মকর্মসংস্থানের জন্য আর্থিক সহায়তা প্রদান করা;

২) এসডিএফ প্রকল্প এলাকার উপকারভোগীদের আয়বৃদ্ধিমূলক কর্মকান্ড বাস্তবায়নে সম্পৃক্তকরণের জন্য প্রচলিত নিয়মানুযায়ী আর্থিক সহায়তা প্রদান করা;

৩) জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জনে সহায়তা করা;

৪) উৎপাদনমুখী অর্থনৈতিক কর্মকাণ্ডকে ত্বরান্বিত করা;

৫) উদ্ভাবনী ধারণা বাস্তবায়নে সহযোগিতা করা;



"দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

কস ২৮৩৬০০৬

৬) দারিদ্র্য বিমোচনে সহায়তা করা;

৭) যোগ্য উদ্যোক্তা শ্রেণি গড়ে তোলা; এবং

৮) নারী উদ্যোক্তাদের অগ্রাধিকার দেয়া ।

**কর্মসংস্থান ব্যাংক এর করণীয়:**

(ক) সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন কর্তৃক সরবরাহকৃত প্রশিক্ষণপ্রাপ্ত উপকারভোগী ও যুবদের (বয়স-১৮ হতে ৫০ বছর) তালিকা হতে কর্মসংস্থান ব্যাংকের নীতিমালা অনুযায়ী উদ্যোক্তা যাচাই বাছাই এর মাধ্যমে নির্বাচিত যোগ্য উদ্যোক্তাদের ঋণ প্রদান;

(খ) যথাসময়ে ঋণ পরিশোধকারীদের পুনরায় দ্রুত ঋণ সুবিধা প্রদান;

(গ) ঋণের মেয়াদ হবে প্রকল্প ভেদে ০১ (এক) বছর থেকে সর্বোচ্চ ০৫ (পাঁচ) বছর এবং মাসিক/ ত্রৈমাসিক/ ষান্মাসিক/ বাৎসরিক কিস্তিতে ঋণ পরিশোধযোগ্য। বার্ষিক সুদের হার: ০৯% (ইহা পরিবর্তনযোগ্য)। ঋণের পরিমাণ ১ লক্ষ থেকে সর্বোচ্চ ৫ লক্ষ পর্যন্ত। প্রকল্প ভেদে ব্যাংকের নীতিমালা অনুযায়ী প্রযোজ্য। ঋণ গ্রহণের জন্য ব্যাংক নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় কাগজপত্র উদ্যোক্তা সরবরাহ করবে।

**সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন এর করণীয়:**

ক) প্রশিক্ষণপ্রাপ্ত উপকারভোগী ও উদ্যোক্তাদের তালিকা কর্মসংস্থান ব্যাংকের সংশ্লিষ্ট শাখায় সরবরাহ;

খ) সংশ্লিষ্ট গ্রামের ভিলেজ ক্রেডিট অর্গানাইজেশনের/ গ্রাম সমিতির পক্ষ থেকে রেজ্যুলেশনের মাধ্যমে ঋণের টাকা আদায়ে সহযোগিতার আশ্বাস প্রদান করা (গ্যারান্টি প্রদান);

গ) ঋণ আদায়ে সার্বিক সহযোগিতা প্রদান।

**সমঝোতা স্মারক বাস্তবায়ন পদ্ধতি:**

(০১) কর্মসংস্থান ব্যাংকের প্রধান কার্যালয়ের ঋণ ও অগ্রিম বিভাগের উপমহাব্যবস্থাপক, **Phone: 02-41050503, E-mail:** lad@kb.gov.bd এবং **সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন** এর পরিচালক, বাস্তবায়ন ও কর্মসূচি মান উন্নয়ন, **Mobile: 01716143705,E-mail: ipqddhq@sdfbd.org** স্মারকে বর্ণিত কার্যাবলী সফল বাস্তবায়নের নিমিত্ত স্ব স্ব প্রতিষ্ঠানের পক্ষে প্রতিনিধিত্ব করবেন;

(২) সমঝোতা স্মারক বাস্তবায়নে কোন ধরণের সমস্যা দেখা দিলে তা নিরসন এবং কোন সুপারিশ থাকলে তা বাস্তবায়নে উভয় প্রতিনিধি উদ্যোগ গ্রহণ করবেন। এ ব্যাপারে ব্যবস্থাপনা পরিচালক, কর্মসংস্থান ব্যাংক এবং ব্যবস্থাপনা পরিচালক, এসডিএফ-এর সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

কস ২৮৩৬০০৭

এমতাবস্থায়, টেকসই আধুনিক দেশ গড়ে তোলার মাধ্যমে দেশের বেকারত্ব হ্রাস ও দারিদ্র্য বিমোচনে সহায়তা করা এবং দেশের অর্থনৈতিক ভিত মজবুত করার মাধ্যমে অর্থনীতিকে এগিয়ে নিয়ে যাওয়ার লক্ষ্যে **কর্মসংস্থান ব্যাংক** এবং **সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন** এ সমঝোতায় উপনীত হলো।

কর্মসংস্থান ব্যাংক এবং সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন যুগপৎভাবে কাজ করতে সম্মত হওয়ায় উভয় প্রতিষ্ঠানের মধ্যে অদ্য ৮ ডিসেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ তারিখে এ সমঝোতা স্মারক স্বাক্ষরিত হলো এবং উক্ত সমঝোতা স্মারক আগামী ৩১ ডিসেম্বর ২০২৪ পর্যন্ত বলবৎ থাকবে।

**কর্মসংস্থান ব্যাংক** এর পক্ষে

(মো: আব্দুল মান্নান)
ব্যবস্থাপনা পরিচালক (দায়িত্বে)

**সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন** এর পক্ষে

(এ. জেড. এম. সাখাওয়াত হোসেন)
ব্যবস্থাপনা পরিচালক

সাক্ষী :

১। এম এম মাহবুব আলম
উপ-মহাব্যবস্থাপক
ঋণ ও অগ্রিম বিভাগ
কর্মসংস্থান ব্যাংক

২। মো: মশিউর রহমান
সহকারি মহাব্যবস্থাপক
ঋণ ও অগ্রিম বিভাগ
কর্মসংস্থান ব্যাংক।

সাক্ষী :

১। মো: গোলাম ফারুখ
পরিচালক, বাস্তবায়ন ও কর্মসূচি মান উন্নয়ন
সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ)

২। মো: মাহবুবুল আলম
পরিচালক, অর্থ ও ক্রয়
সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ)।



"দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন"